**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শিক্ষা ক্ষেত্রের উন্নয়নে ব্যাপক অগ্রাধিকার দিয়েছে বর্তমান সরকার ।**

**(২) সিপাহীজলা জেলার কমলাসাগর–তারাপুর আন্তর্জাতিক সীমান্ত হাট পুনরায় চালু করার লক্ষ্যে আজ দু-দেশের জেলা পর্যায়ের আধিকারিকদের দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয় ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ এনডিএ সাংসদদের নিয়ম মেনে চলার, সংসদীয় গণতন্ত্রের নীতিগুলিকে সমুন্নত রাখার এবং ভাল আচরণ প্রদর্শন করার আহ্বান জানান ।**

**(৪) রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের প্লেট গ্রুপে তেলিয়ামুড়া চ্যাম্পিয়ন হয়েছে ।**

******************************************

**C.M at Panisagar DIET :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শিক্ষা ক্ষেত্রের উন্নয়নে ব্যাপক অগ্রাধিকার দিয়েছে বর্তমান সরকার। পাশাপাশি

ছাত্রছাত্রীদের সুবিধার্থে এবং শিক্ষা ব্যবস্থার বিকাশের জন্য বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে কেন্দ্রীয় সরকার। আজ উত্তর জেলার জলেবাসায় নবনির্মিত ডিস্ট্রিক্ট ইন্সটিটিউট অফ এডুকেশনাল ট্রেনিং (ডিআইইটি) এর উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে আগেকার চারটি নিয়ে এখন মোট পাঁচটি ডায়েট কলেজ হল। তিনি বলেন, একটি সমাজের সাফল্য নির্ভর করে তার মানুষের শিক্ষার উপর। শিক্ষা আমাদের অন্যতম অগ্রাধিকারের মধ্যে একটি। মুখ্যমন্ত্রী আরো বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের উন্নয়ন এবং শিক্ষা ব্যবস্থার জন্য নতুন পরিকল্পনা বাস্তবায়ন করছেন। তিনি জাতীয় শিক্ষানীতি প্রবর্তন করেছেন, যা আমাদের শিক্ষা ক্ষেত্রে বাস্তবায়ন শুরু হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে কেন্দ্রীয় সরকার শিক্ষা ক্ষেত্রে ১ লক্ষ ১২ হাজার ৮৯৯ কোটি টাকা বরাদ্দ করেছিল। এই বরাদ্দ থেকে বোঝা যায় যে প্রধানমন্ত্রী মোদি শিক্ষার ওপর কতটা গুরুত্ব দিয়েছেন। এর পাশাপাশি বিদ্যা প্রবেশ প্রকল্পের জন্য ১২৮ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। এটি একটি তিন মাসের ক্রীড়া ভিত্তিক স্কুল প্রস্তুতি মডিউল। মুখ্যমন্ত্রী বলেন, আমাদের সরকার খেলাধুলা এবং খেলার উপর ভিত্তি করে এই কর্মসূচি শুরু করার পরিকল্পনা করছে। ডিজিটাল/অনলাইন/অন-এয়ার শিক্ষার সাথে সম্পর্কিত পিএম ই-বিদ্যাও চালু করা হয়েছে। দিশা প্রকল্পটিও বাস্তবায়িত হয়েছে৷ ডায়েট-এর মূল লক্ষ্য হচ্ছে শিক্ষকদের উন্নত প্রশিক্ষণ প্রদান করা।

*****************************

**Kamalasagar-Tarapur Border Haat :**

সিপাহীজলা জেলার কমলাসাগর-তারাপুর আন্তর্জাতিক সীমান্ত হাট পুনরায় চালু করার লক্ষ্যে আজ দু-দেশের জেলা পর্যায়ের আধিকারিকদের দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়। সীমান্ত হাট ম্যানেজমেন্ট কমিটির এই বৈঠকে বাংলাদেশের পক্ষে উপস্থিত ছিলেন ব্রাহ্মণবাড়িয়া জেলার অতিরিক্ত জেলাশাসক জেসমিন সুলতানা, কসবা উপ-জেলার চেয়ারম্যান সাইদুল রহমান স্বপন, কসবা পৌরসভার মেয়র এম.জে হাক্কানি সহ বর্ডার গার্ড অফ বাংলাদেশ ও বাংলাদেশ পুলিশের আধিকারিকেরা। অপরদিকে ভারতের পক্ষে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার, বিশালগড় মহকুমার মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী, ডি.সি.এম প্রসেনজিৎ দাস, বিশালগড়ের মহকুমা পুলিশ আধিকারিক পান্নালাল সেন সহ ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী তথা বি.এস.এফের আধিকারিকেরা। বৈঠক শেষে সিপাহীজলার অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার জানান, চলতি মাসের শেষ দিকে এই সীমান্ত হাটটি পুনরায় চালু হতে পারে। বাংলাদেশ ব্রাহ্মণবাড়িয়া জেলার অতিরিক্ত জেলাশাসক জেসমিন সুলতানা জানিয়েছেন এই সীমান্ত হাটটি পুনরায় চালু করার আগে পরিষ্কার-পরিচ্ছন্নতার পাশাপাশি কিছু সংস্কার কাজ করা হবে। সংস্কার করা হবে আন্তর্জাতিক সীমান্তে থাকা তারকাটার বেড়ার কিছু স্থানেও।

****************************

**CM-UNAKOTI :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে কেন্দ্রীয় সরকারের ডোনার মন্ত্রক ৫১৫ কোটি টাকা বরাদ্দ করেছে। আজ বিকালে ঊনকোটি জেলার কাঞ্চনবাড়ি

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও ভেটেরিনারি ডিসপেনসারি'র নবনির্মিত ভবন দু'টির আনুষ্ঠানিক দ্বারোদঘাটন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা জানান। তিনি বলেন, রাজ্যে এইমস এর ধাঁচে হাসপাতাল স্থাপনে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ জানানো হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা ডাঃ অঞ্জন দাস, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অতিরিক্ত অধিকর্তা ডাঃ বি,কে,দাশ প্রমুখ।

****************************

**IT Minister-MYYY :**

তথ্য প্রযুক্তি মন্ত্রী প্রণজিৎ সিংহরায় আজ আগরতলায় তথ্য প্রযুক্তি ভবনে মুখ্যমন্ত্রী যুব যোগাযোগ যোজনা (বিশেষ) প্রকল্পের সূচনা করেন। অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্যে যুব সম্প্রদায়কে তথ্য প্রযুক্তিগত দক্ষতায় সমৃদ্ধ করতে ২০১৯-২০ শিক্ষাবর্ষ থেকে স্নাতক ছাত্রছাত্রীদের স্মার্টফোন ক্রয়ে সহায়তা করা হচ্ছে। এখন পর্যন্ত রাজ্যের ৪০,২১৫ জন শিক্ষার্থীকে স্মার্টফোন ক্রয় করার জন্য সহায়তা দেওয়া হয়েছে। ২০২২-২৩ শিক্ষাবর্ষে রাজ্যের স্নাতকস্তরের ছাত্রছাত্রীরা এই প্রকল্পের সুবিধা থেকে বঞ্চিত হয়েছিল। তাই বিশেষ উদ্যোগ নিয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষের স্নাতকস্তরের ১২ হাজার ছাত্রছাত্রীকে মুখ্যমন্ত্রী যুব যোগাযোগ যোজনা (বিশেষ) প্রকল্পে স্মার্টফোন ক্রয়ে সহায়তা দেওয়া হবে। আগামী দোসরা আগস্ট পর্যন্ত এই প্রক্রিয়া চালু থাকবে।

***************************

**PMAY :**

পরিবহনমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ রাণীরবাজারে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আবাস যোজনায় ঘর বরাদ্দের মঞ্জুরীপত্র তুলে দেন। রাণীরবাজার পুর পরিষদ এলাকার ১৩টি ওয়ার্ডে মোট ১২৩টি পরিবার আবাস যোজনায় ঘর তৈরির মঞ্জুরী পেয়েছেন। পরিবহন, খাদ্য ও পর্যটন মন্ত্রীর কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়।

*******************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ এনডিএ সাংসদদের নিয়ম মেনে চলার, সংসদীয় গণতন্ত্রের নীতিগুলিকে সমুন্নত রাখার এবং ভাল আচরণ প্রদর্শন করার আহ্বান জানান। নতুন সরকার গঠনের পর নতুনদিল্লিতে এনডিএ সংসদীয় দলের প্রথম বৈঠকে শ্রী মোদি একথা বলেন। বৈঠকের পরে সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু সাংবাদিকদের জানান যে প্রধানমন্ত্রী সমস্ত এনডিএ সাংসদদের সঠিক আচরণের বিষয়ে নির্দেশ দিয়েছেন। শ্রী রিজিজু বলেন, প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেছেন যে প্রত্যেক সাংসদ দেশের সেবা করার জন্য নির্বাচিত হয়েছেন এবং তারা যে দলেরই হোক না কেন, জাতির সেবা তাদের প্রধান দায়িত্ব।

প্রধানমন্ত্রী সাংসদদের তাদের আগ্রহের বিষয় যেমন জল, পরিবেশ এবং সামাজিক ক্ষেত্রে দক্ষতা তৈরি করতে উৎসাহিত করেন।

**************************

**PM, Loksabha :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি লোকসভা নির্বাচনে স্থিতিশীলতা এবং ধারাবাহিকতার বিষয়ে জনগণকে আশ্বস্ত করেছেন এবং বলেছেন যে, তৃতীয় মেয়াদে তাঁর সরকার তিনগুণ বেশি শক্তি এবং গতির সঙ্গে কাজ করবে এবং তিনগুণ ফলাফল আনবে। তিনি কংগ্রেসকে কটাক্ষ করে বলেন যে দেশবাসী দলটিকে বিরোধী দলে বসার জন্য ভোট দিয়েছে এবং প্রধান বিরোধী দল সাধারণ নির্বাচনে টানা তিনবার ১০০ আসন অতিক্রম করতে পারেনি। উভয় কক্ষের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর প্রদত্ত ভাষণে ধন্যবাদ প্রস্তাবের উপর লোকসভায় উত্তর দেওয়ার সময় শ্রী মোদি একথা বলেন। প্রধানমন্ত্রী সাধারণ নির্বাচনে সুচিন্তিত মতামত ও প্রজ্ঞা প্রদর্শনের জন্য দেশের জনগণের প্রশংসা করেন। তিনি বলেন যে জনগণ তার সরকারের নীতি, উদ্দেশ্য এবং উৎসর্গের উপর আস্থা রেখেছে এবং এনডিএকে তৃতীয়বার ক্ষমতায় ফিরিয়ে এনেছে। তিনি বলেন, তার সরকার সবকা সাথ সবকা বিকাশের মন্ত্র নিয়ে কাজ করছে। প্রধানমন্ত্রী বলেন রাষ্ট্রপতির ভাষণে বিকশিত ভারতের সংকল্পের বিশদ বিবরণ রয়েছে এবং দেশকে পরিচালনা করার জন্য গুরুত্বপূর্ণ বিষয়গুলি উত্থাপন করা হয়েছে।

প্রধানমন্ত্রী যখন বক্তব্য রাখছিলেন, তখন বিরোধী দলের সাংসদরা বিক্ষোভ প্রদর্শন করতে থাকেন। অধ্যক্ষ ওম বিড়লা বিরোধীদের আচরণে বিরক্তি প্রকাশ করে তাদের সভায় শৃঙ্খলা বজায় রাখার আহ্বান জানান।

********************************

**Order by High Court of Tripura :**

মাদক দ্রব্য মামলায় জেল হাজতবাসী দুই অভিযুক্ত ব্যক্তির পরিবারদের নেশাদ্রব্য ব্যবহারের বিরুদ্ধে এক মাস ধরে প্রচার করার নির্দেশ দিয়েছে ত্রিপুরা হাইকোর্ট। আজ হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ এই ব্যতিক্রমী রায় দিয়েছেন। অভিযুক্তদের পরিবারদের-নেশার বিরুদ্ধে মাস ব্যাপী প্রচার শেষ হলেই তাঁদের করা জামিনের আবেদনের ওপর রায় ঘোষণা করা হবে।

এই মামলার সরকারি আইনজীবী সম্রাট ঘোষ জানিয়েছেন, দু মাস আগে গন্ডাতুইসার বাসিন্দা জীবনজয় ত্রিপুরা এবং সেলেনজয় ত্রিপুরাকে পুলিশ প্রচুর পরিমানে হেরোইন সহ গ্রেপ্তার করে। এরপর আদালতের নির্দেশে গত ৭৮ দিন ধরে তারা জেল হাজতে রয়েছে। তাদের জামিন চেয়ে জীবনজয়ের স্ত্রী হাইকোর্টে আবেদন করেন। মামলার শুনানির পর আজ হাইকোর্ট নির্দেশ দিয়েছে, দুই অভিযুক্তর অভিভাবক এবং নিকট আত্মীয়দের এক মাস ধরে গন্ডা তুইসা এলাকায় নিজের এলাকায় নেশার বিরুদ্ধে সচেতনতা মূলক কাজ করে যেতে হবে। গন্ডাতুইসা থানার ও সি-র উদ্দেশে কোর্ট নির্দেশ দিয়েছে যে এই সচেতনতা কার্যক্রম গুলোর ভিডিও এবং ফটো তুলে আদালতে জমা দিতে হবে। এসব বিষয়ে রিপোর্ট জমা পড়ার পর আগামী ৫ আগস্ট জামিনের ওপর রায় দেবেন বিচারপতি।

****************************

**Ratan Chakraborty-MSP :**

বিধায়ক রতন চক্রবর্তী আজ খয়েরপুরস্থিত পুরাতন আগরতলা আর ডি ব্লকের উদ্যোগে কৃষ্ণমালা মঞ্চে ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয় কর্মসূচীর উদ্বোধন করেন। শ্রী চক্রবর্তী বলেন কৃষকদের

আর্থ সামাজিক অবস্থার উন্নয়নে সরকার বদ্ধপরিকর। বিজেপি সরকারের চেষ্টাতেই ধান, গম সহ অন্যান্য খাদ্য শস্যের উৎপাদন বেড়েছে এবং সরকার কৃষি ক্ষেত্রের উন্নয়নে নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

*****************************

**Stop Diarrhoea :**

বিধায়ক মাইলাফ্রু মগ আজ সাব্রুমের লুধুয়া চা বাগানে দক্ষিণ জেলা ভিত্তিক স্টপ ডায়রিয়া অভিযানের সূচনা করেন। রুপাইছড়ি ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারপার্সন রাখী ত্রিপুরা, সাব্রুম মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: সুব্রত দাস প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক আকাশবাণীকে জানান, এই অভিযানে পয়লা জুলাই থেকে ৩১ অগাষ্ট পর্যন্ত আশাকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে ০-৫ বছর বয়সী শিশুদের ২টি করে ওআরএস ও ১৪টি করে জিংক ট্যাবলেট বিতরন করবেন। একই সঙ্গে ডায়রিয়া সম্পর্কে মানুষকে সচেতন করবেন আশা কর্মীরা।

*******************************

**AMC-Dipak Majumder :**

আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার আজ জানিয়েছেন দুর্গাপুজোর আগেই নতুন রূপে সেজে উঠবে দশমীঘাট প্রতিমা নিরঞ্জনের এলাকা। আগরতলা পুর নিগমের কমিশনের শৈলেশ যাদব, কর্পোরেটর নিবাস দাস, জাহ্নবী দাস দত্ত সহ অন্যদের সঙ্গে মেয়র আজ দশমীঘাট প্রতিমা নিরঞ্জনের স্থলের পাশাপাশি রাজ শ্মশান, মাছ বাজার সংলগ্ন রাস্তা এবং

বর্ডার গোলচক্করে নির্মীয়মাণ লাইট হাউসের কাজ পরিদর্শন করেছেন। মেয়র জানান, রাজ শ্মশান সংস্কারের কাজে ৫৬ লক্ষ টাকা খরচ ধরা হয়েছে। পরে পুর নিগমের কমিশনার শৈলেশ কুমার যাদব জানান, প্রতিমা নিরঞ্জন এলাকায় উন্নয়নের কাজে ৮৮ কোটি টাকা বরাদ্দ ধরা হয়েছিল। এরমধ্যে প্রায় ৭০ কোটি টাকার কাজ শেষ হয়ে গেছে। দশমীঘাটের রাস্তা সংস্কারের সঙ্গে দশমীঘাট হাট থেকে নদীর পাড় ধরে প্রায় দুই কিলোমিটার জায়গায় স্বাস্থ্য ও যোগ পার্ক তৈরি করা হবে। তিনি আরও জানান, লাইট হাউসের নির্মাণ কাজ দ্রুত শেষ করার নির্দেশ দেওয়া হয়েছে।

*******************************

**BJP-Felicitation :**

B.J.P'র যুব মোর্চার উদ্যোগে আজ ঊনকোটি জেলার কুমারঘাটের গীতাঞ্জলি অডিটরিয়ামে এবছরের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতি ছাত্রছাত্রীদের সংবর্ধনা জানানো হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক ভগবান চন্দ্র দাস, বিশিষ্ট শিক্ষাব্রতী বিকাশেন্দু দেব ও রবীন্দ্র সিনহা প্রমুখ। অনুষ্ঠানে পাবিয়াছড়া বিধানসভা কেন্দ্রের প্রায় ৬৫০ ছাত্র-ছাত্রী আজ সংবর্ধিত হন।

******************************

**Cricket :**

রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের প্লেট গ্রুপে তেলিয়ামুড়া চ্যাম্পিয়ন হয়েছে। নরসিংগড়ের পুলিশ ট্রেনিং একাডেমি মাঠে ফাইন্যালে আজ ফের মুখোমুখি হওয়ার কথা ছিল তেলিয়ামুড়া ও

আমবাসার। কিন্তু বৃষ্টিতে খেলা হয় নি। পরে টসে চ্যাম্পিয়ন দল চূড়ান্ত হয়। তেলিয়ামুড়া চ্যাম্পিয়ন হওয়ার সুবাদে আগামী মরশুমে এলিট গ্রুপে খেলার ছাড়পত্র পেলো।

এদিকে, এলিট গ্রুপের দ্বিতীয় সেমিফাইনাল ম্যাচটিও আজ বৃষ্টিতে হয় নি। ধর্মনগরের কলেজ স্টেডিয়ামে সদর ও উদয়পুরের এই ম্যাচটি আগামীকাল ফের হওয়ার কথা রয়েছে।

******************************

**Women's Football :**

মহিলাদের ঘরোয়া ফুটবল লিগের আজ অনুষ্ঠিত খেলায় ফুল ঝানো এথলেটিক ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালে অনুষ্ঠিত খেলায় ফুল ঝানো এথলেটিক ক্লাব ৩-০ গোলে চলমান সংঘকে পরাজিত করে।

********************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া বিভাগ উত্তরাখণ্ড, আসাম এবং মেঘালয়ে আজ অতি ভারী বৃষ্টিপাতের লাল সতর্কতা জারি করেছে। আগামী তিন থেকে চার দিন রাজস্থান, বিহার, হিমাচল প্রদেশ, পাঞ্জাব, হরিয়ানা, চণ্ডীগড়, উত্তরপ্রদেশ সহ উত্তর ভারতের বিভিন্ন অংশ এবং গুজরাট ও পশ্চিম উপকূলে ভারী বৃষ্টিপাত অব্যাহত থাকার সম্ভাবনা রয়েছে।

এদিকে, আগামী চব্বিশ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ত্রিশ ডিগ্রী সেলসিয়াস এবং

সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ত্রিশ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস। সকাল সাড়ে আটটা থেকে বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৩৫ দশমিক চার মিলিমিটার।

****************************